# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### EVENING NEWS BULLETIN

**BENGALI**

**21 December 2025** **7:45 PM IST**

==========================================================================

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দশ হাজার ৬০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নামরূপ সার কারখানায় আজ নতুন ব্রাউনফিল্ড এমোনিয়া ইউরিয়া প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন/

(২) আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলে উন্নয়নের নতুন যুগের সূচনা হয়েছে বলে প্রধানমন্ত্রীর মন্তব্য/

(৩) বিশ্বের বিভিন্ন দেশে আজ দ্বিতীয় বিশ্ব ধ্যান দিবস উদযাপন/ শিলচরেও আর্ট অব লিভিংয়ের অনুষ্ঠান/

(৪) দুটি বিদ্যালয়ের একত্রীকরণের পর খালি হয়ে যাওয়া বিদ্যালয় সমূহের জমি এবং পরিকাঠামোর সুরক্ষার জন্য রাজ্য সরকারের কঠোর নীতি-নির্দেশনা জারি/

---

কৃষকদের কল্যাণের জন্য কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং তাদের সুবিধার্থে সরকার বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন । আজ নামরূপ সার কারখানায় নতুন ব্রাউনফিল্ড এমোনিয়া ইউরিয়া প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন করে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন । আসাম সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চলে উন্নয়নের নতুন যুগের সূচনা হয়েছে বলে উল্লেখ করে আসামের উন্নয়নের যাত্রার এটি শুভ সূচনা বলে তিনি মন্তব্য করেন । আসামকে আহোম রাজত্বের সোনালি দিনগুলোর মতো শক্তিশালী করে গড়ে তোলা হবে বলে তিনি মন্তব্য করেন । নামরূপের নতুন এমোনিয়া ইউরিয়া প্রকল্প স্থাপনের জন্য রাজ্যের কৃষকদের অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে বিকশিত ভারতের লক্ষ্য প্রাপ্তির ক্ষেত্রে কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে । শ্রী মোদী বলেন যে ২০১৪ সালে দেশে সার উৎপাদন ২২৫ লক্ষ মেট্রিকটন হওয়ার বিপরীতে বর্তমানে এই উৎপাদন ৩০৬ লক্ষ মেট্রিকটনে বৃদ্ধি পেয়েছে । কৃষকদের স্বার্থ সুরক্ষিত করে সার উৎপাদনে সম্পূর্ণ আত্মনির্ভর হতে নতুন নতুন উৎপাদন ক্ষমতা গড়ে তোলার জন্য সরকার প্রয়াস চালিয়ে যাবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে ১০ হাজার ৬০০ কোটি টাকা ব্যয়ে এই সার প্রকল্পটি স্থাপন করা হবে এবং এই প্রকল্পে বছরে ১২ লক্ষ মেট্রিকটনেরও বেশী সার উৎপাদন করা হবে ।প্রধানমন্ত্রী বলেন -------

বাইট

কৃষকদের কল্যাণের ক্ষেত্রে সরকার অত্যন্ত সংবেদনশীল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন কষকদের ওপর যাতে অতিরিক্ত বোঝা না পড়ে তারজন্য ইউরিয়া আমদানির ব্যয় সরকার বহন করে থাকে ।

অনুষ্ঠানে অংশগ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা প্রচেষ্টার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান ।
অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে আসাম আজ উন্নয়নের নতুন আকাশ ছুঁতে সক্ষম হয়েছে । আজকের অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---

দুদিনের সফরসূচি নিয়ে আসামে আসা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে গুয়াহাটি নৌ পরিবহণের টার্মিনালে চরাইদেউ জাহাজে রাজ্যের ২৫ জন মেধাবী শিক্ষার্থীদের সঙ্গে 'পরীক্ষা পে চর্চা' কার্যসূচিতে অংশ গ্রহণ করে তাদের সঙ্গে মত বিনিময় করেন । প্রধানমন্ত্রী, শিক্ষার্থীদের করা বিভিন্ন প্রশ্নের উত্তর দেন । পরীক্ষার সময়ে সৃষ্টি হওয়া মানসিক চাপ নিয়ন্ত্রণের জন্য শ্রী মোদী তাদের পরামর্শ দেন । এরপর তিনি গুয়াহাটির পশ্চিম বরাগাঁওয়ে শহিদ স্মারক ক্ষেত্র পরিদর্শন করে ৮৬০ জন শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পার্ঘ অর্পণ করেন ।

---

সমগ্র বিশ্বে আজ দ্বিতীয় বিশ্ব ধ্যান দিবস পালন করা হয়েছে । গত বছর রাষ্ট্রসংঘের সাধারণ সভায় ২১শে ডিসেম্বর দিনটি বিশ্ব ধ্যান দিবস হিসেবে ঘোষণা করেছিল । অর্ন্তদৃষ্টি এবং অন্তরের শান্তির প্রতীক এই দিনটি উত্তর গোলার্ধের শীতকালীন সময়ের সঙ্গে তাল মিলিয়ে বাছাই করা হয়েছে । বিশ্বের বিভিন্ন দেশের কূটনীতিবিদ, রাষ্ট্রসংঘের আধিকারিক এবং যোগ গুরুরা গতকাল নিউ ইয়র্কে অবস্থিত রাষ্ট্রসংঘের মুখ্য কার্যালয়ে 'বিশ্ব শান্তি

এবং সম্প্রীতির জন্যে ধ্যান' শীর্ষক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । ভারতের আধ্যাত্মিক গুরু শ্রী শ্রী রবিশঙ্কর বিশ্বশান্তির জন্য আয়োজিত এই অনুষ্ঠানে নেতৃত্ব দেন । যুদ্ধক্ষেত্রে শ্রীকৃষ্ণ অর্জুনকে ধ্যান এবং যোগ সাধনা করার জন্যে জানানো আহ্বানকে স্মরণ করে আধ্যাত্মিক গুরু শ্রী শ্রী রবিশঙ্কর বলেনযে- মানুষের জীবন বর্তমানে এক যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছে । কারণ বিভিন্ন চিন্তা মানুষকে উদ্বিগ্ন করে রাখে । উল্লেখ্য- উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ হায়দ্রাবাদের কাছে কান্‌হা শান্তি ভানমতে অনুষ্ঠিত বিশ্ব ধ্যান দিবসের কার্যসূচিতে অংশগ্রহণ করেন । শিলচরের শ্রী শ্রী রবিশঙ্করের আর্ট অব লিভিং এর উদ্যোগে আজ স্থানীয় গান্ধী ভবনে এই দিবসের কার্যসূচির আয়োজন করা হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা নগাঁও জেলার কামপুর - যমুনামুখের মধ্যে সাংজুরাই রেলপথে গতকাল ভোর রাতে ট্রেনের ধাক্কায় ৮ টি হাতীর মৃত্যুর ঘটনা সম্পর্কে বন বিভাগকে শীঘ্র তদন্ত করার নির্দেশ দিয়েছেন ।প্রতিকূল আবহাওয়া বিশেষ করে ঘন কুয়াসা পরার সময় যাতে এধরণের ঘটনার পুনরাবৃত্তি নাহয় তার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করারও নির্দেশ দেন । উল্লেখ্য গতকাল ভোর রাতে সাইরাং - নতুনদিল্লী রাজধানী এক্সপ্রেস ট্রেনের ধাক্কায় একটি গর্ভবতী হাতী সহ ৫ টি স্ত্রী হাতী এবং দুটি দাঁতাল হাতীর  মৃত্যু হয়েছিল এবং একটি হাতী গুরুতরভাবে আহত হয় । পরে ঐ হাতীটিরও চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় ।

---

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় ওয়াট্‌স অ্যাপ অ্যাকাউন্ট সমূহ হ্যাক করার জন্যে সম্প্রতি চলতে থাকা ‘ঘোস্ট পেয়ারিং’ নামের সাইবার অভিযান সংক্রান্ত বিষয়ে জনসাধারণকে সতর্ক করে দিয়েছে । মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে যে- সাইবার অপরাধীরা কোনোধরণের পরীক্ষা না করেই পেয়ারিং কোড ব্যবহার করে ওয়াট্‌স অ্যাপ’এর ডিভাইস লিংকিং ব্যবস্থার মাধ্যমে অ্যাকাউন্ট সমূহ হ্যাক করতে আরম্ভ করেছে । জনসাধারণের চেনা কোনো নম্বর থেকে প্রথমে ফটো পাঠিয়ে তা দেখার অনুরোধ জানানো হয় । এই মেসেজে একটা করে লিঙ্কও পাঠানো হয় । সেই লিঙ্কগুলো ফেসবুকের মতো কোনো প্রিভিউ’র সঙ্গে পাঠানো হয় । এবং পরের পর্যায়ে ফোন নম্বরের সঙ্গে সংযুক্ত ভেরিফিকেশন প্রক্রিয়ার পথে তা নিয়ে যাওয়া হয় । মন্ত্রণালয়ের পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে- এভাবে সাইবার অপরাধীরা কোনো পাসওয়ার্ড বা সিম সোয়াইপ না করেই সংশ্লিষ্ট ব্যক্তির ওয়াট্‌স অ্যাপ অ্যাকাউন্ট সম্পূর্ণরূপে হস্তগত করতে সক্ষম হয় । মন্ত্রণালয় জনসাধারণকে সন্দেহভাজন কোনো লিংকে ক্লিক না করতে এবং বাইরের কোনো সাইটে কখনো নিজের ফোন নম্বর না দেওয়ার পরামর্শ দিয়েছে ।

---

রাজ্য সরকার বিদ্যালয় সমুহের একত্রিকরণের পর বিদ্যালয়ের খালি জমি , সম্পত্তি ও পরিকাঠামোর সুরক্ষা এবং উচিত ব্যবহারের জন্য কঠোর নীতি নির্দেশনা জারি করেছে ।প্রাথমিক শিক্ষা বিভাগের সঞ্চালক একত্রিকরণ ও প্রাদেশিকীকরণের পর খালি থাকা বিদ্যালয়ের ভবনগুলোর সুরক্ষার জন্য রাজ্য সরকারের ইতিমধ্যে জারি করা নির্দেশনা কঠোরভাবে রূপায়ন করতে প্রাথমিক শিক্ষা আধিকারীককে নির্দেশ দিয়েছেন ।এই নির্দেশ অনুযায়ি খালি থাকা বিদ্যালয়গুলোর

জমি বিদ্যালয় পরিচালন সমিতি বা শিক্ষা বিভাগ ত্যাগ করেছে বলে গণ্য করা হবে । জেলা আয়ুক্ত এধরণের জমি কোন সরকারি বিভাগ বা সংস্থাকে প্রদান করতে পারবে । কোন বেসরকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে এধরণের জমি বন্টন করার প্রস্তাব দিতে হলে রাজস্ব এবং দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের কাছ থেকে অগ্রীম অনুমতি নেওয়া বাধ্যতামূলক করা হয়েছে । অব্যবহৃত বিদ্যালয়ের জমির তদারক করার জন্য একটি জেলা পর্যায়ের কমিটি গঠন করা হবে । জেলার আয়ুক্তরা এই কমিটির অধ্যক্ষ হিসেবে এবং বিদ্যালয় পরিদর্শকরা সদস্য সচিব হিসেবে থাকবেন ।

---

বাংলাদেশে সৃষ্টি হওয়া অশান্ত পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে রাজ্যের ভারত- বাংলাদেশ সীমান্ত অঞ্চলগুলোতে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে । কাছাড় জেলার কাটিগড়ার নাতানপুর সীমান্ত অঞ্চলে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে । অঞ্চলটিতে দিন রাত কড়া পাহারার ব্যবস্থা করা হয়েছে । এছাড়া সীমান্ত অঞ্চলে থার্মেল ক্যামেরা , নাইট ভিসন ক্যামেরা ও সিসিটিভির সহায়তায় ২৪ ঘন্টা নিরীক্ষণ করা হচ্ছে ।

---

করিমগঞ্জ জেলা কংগ্রেসের পক্ষ থেকে বাংলাদেশের সাম্প্রতিক সময়ে সংখ্যালঘু যুবকের হত্যা সংক্রান্ত ঘটনা নিয়ে আজ বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । এই ঘটনাকে অমানবিক বলে অভিযোগ করে এ নিয়ে বাংলাদেশের অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মোহম্মদ ইউনুসের

বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ভারত-বাংলাদেশের মধ্যে থাকা বাণিজ্যিক সম্পর্ক বন্ধ করার দাবী জানানো হয়েছে । বিক্ষোভ কার্যসূচীতে যুব কংগ্রেসের মূখপাত্র শুভদীপ চক্রবর্তী , এন এস ইউ আই-র জেলা সভাপতি সুস্মিত দেব প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলাজুড়ে সুশাসন সপ্তাহ পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে আজ জেলার ১৫টি গ্রাম পঞ্চায়েতে 'জনগণের দুয়ারে সরকার' শীর্ষক সভার আয়োজন করা হয়েছে । আগামীকাল সকাল ১১টায় জেলার ১২টি গ্রাম পঞ্চায়েত যেমন ঘাড়মূড়া -রামনাথপুর, নিতাইনগর , ভাউয়ারঘাট, দাড়িয়াঘাট-বলদাবলদি , নিজবর্নারপুর , সর্বানন্দপুর এবং বেলা একটায় দত্তপুর-বাঘছড়া , রতনপুর , শাহাবাদ-মোহম্মদপুর , ধনীপুর-ভবানীপুর গ্রাম পঞ্চায়েতে সভা অনুষ্ঠিত হবে । এছাড়া আগামীকাল বিকেল তিনটায় কিল্লারবাগ-ঝালনাছড়া এবং বাহাদূরপুর গ্রাম পঞ্চায়েতে সভা অনুষ্ঠিত হবে । উল্লেখ্য আগামী ২৫শে ডিসেম্বর পর্যন্ত সুশাসন সপ্তাহ পালন করা হবে ।

---